যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৯৩

১/ বিবিধ

আরবী

وكل بالشمس تسعة أملاك يرمونها بالثلج كل يوم، لولا ذلك ما أتت على شيء إلا أحرقته

موضوع

رواه ابن عدي (2 / 230) وعنه ابن الجوزي في " الواهيات " (1 / 34) والطبراني في " الكبير " (8 / 197 / 7705) وأبو حفص الكناني في " الأمالي " (1 / 9 / 2) والحافظ أبو محمد السراج القاريء في " الفوائد المنتخبة " (1 / 125 / 1) وأبو عمرو السمرقندي في " الفوائد المنتقاة " (1 / 71 / 1) والخطيب في " الموضح " (2 / 79، 165، 166 / 1) ، عن عفير بن معدان عن سليمان بن عامر الخبائري عن أبي أمامة مرفوعا، وقال القاري وابن عدي وتبعه ابن الجوزي: حديث غريب لا أعلم رواه غير عفير بن معدان

قلت: وهو ضعيف جدا كما قال الهيثمي (8 / 131) بعد أن عزا هذا الحديث لرواية الطبراني، وكذلك عزاه السيوطي في " الجامع " وقال المناوي بعد أن حكى عن الهيثمي تضعيف عفير المذكور: وتعصيب الجناية برأس عفير وحده يوهم أنه ليس فيه من يحمل عليه سواه والأمر بخلافه، ففيه مسلمة بن علي الخشني قال في " الميزان ": واه، تركوه، واستنكروا حديثه، ثم ساق له أخبارا هذا منها، وقال ابن الجوزي: لا يرويه غير مسلمة، وقد قال يحيى: ليس بشيء، والنسائي: متروك

قلت: لكن بعض طرقه سالم من مسلمة، فالتعصيب في محله

وهذا الحديث مع ضعفه الشديد إسنادا فإني لا أشك أنه موضوع متنا، إذ ليس عليه لوائح كلام النبوة والرسالة، بل هو أشبه بالإسرائيليات
ويؤيد وضعه مخالفته لما ثبت في علم الفلك أن السبب في عدم حرق الشمس لما على وجه الأرض إنما هو بعدها عن الأرض بمسافات كبيرة جدا يقدرونها بمئة وخمسين مليون كيلومتر تقريبا كما في كتاب " علم الفلك " للأستاذ طالب الصابوني الذي يدرس في الصف الحادي عشر
ثم رأيت الحديث رواه أبو العباس الأصم في " حديثه " (3 / 145 / 1) (رقم 77 من نسختي) موقوفا على أبي أمامة فقال: حدثنا أبو عتبة حدثنا بقية حدثنا أبو عائذ المؤذن حدثني سليم بن عامر عن أبي أمامة قال: فذكره موقوفا عليه، وإسناده ضعيف، والوقف هو الأشبه، والله أعلم

বাংলা

২৯৩। সূর্যের ব্যাপারে দায়িত্ব অর্পিত হয়েছে নয়জন ফেরেশতার উপর। তাঁরা তার (সূর্যের) উপর প্রতিদিন বরফ নিক্ষেপ করেছে। যদি এরূপ না হত তাহলে সূর্য যে বস্তুর উপরই আসত তাকেই সে পুড়িয়ে দিত।

হাদীসটি জাল।

এটি ইবনু আদী (২/২৩০) এবং তার থেকে ইবনুল জাওযী “আল-ওয়াহিয়াত” গ্রন্থে (১/৩৪), তাবারানী “মুজামুল কাবীর” গ্রন্থে (৮/১৯৭/ ৭৭০৫), আবূ হাফস আল-কিনানী "আল-আমলী" গ্রন্থে (১/৯/২) ও আরো অনেকে আফীর ইবনু মি’দান হতে, তিনি সুলায়মান ইবনু আমের হতে ... বর্ণনা করেছেন।

আল-কারী, ইবনু আদী ও ইবনুল জাওযী বলেছেনঃ হাদীসটি গারীব। আকীর ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন কিনা জানি না।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ নিতান্তই দুর্বল, যেমনভাবে হায়সামী (৮/১৩১) বলেছেন। হাদীসটি সনদের দিক দিয়ে অত্যন্ত দুর্বল। হাদীসটির মতন (ভাষা) জাল হওয়ার ব্যাপারে আমার কোন সন্দেহ নেই। কারণ এটি ইসরাইলী বর্ণনার সাথেই বেশী সাদৃশ্যপূর্ণ।

এটির সনদের আরেক বর্ণনাকারী মাসলামা ইবনু আলী খুশানী সম্পর্কে যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল, মুহাদ্দিসগণ তার হাদীসকে মাতরূক বলেছেন এবং তার হাদীসকে ইনকার করেছেন। তার সম্পর্কে ইয়াহইয়া বলেনঃ তিনি কিছুই না। নাসাঈ বলেনঃ তিনি মাতরূক।

এছাড়া ইলমুল ফালাকের মধ্যে যা সাব্যস্ত হয়েছে তা তার বিরোধী। ইলমে ফালাকে বলা হয়েছে সূর্য যমীন হতে বহু দূরে থাকার কারণে কিছু পুড়ে না। বলা হয়েছে একশত পঞ্চাশ মিলিয়ন কিঃ মিঃ দূরত্বে তার অবস্থান।

আবু উমামা হতে মওকুফ হিসাবেও হাদীসটি বর্ণিত হয়েছে। তবুও সেটি দুর্বল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন